

কুয়েটে নিষিদ্ধ ছাত্র রাজনীতি, জড়িতদের আজীবন বহিষ্কার ছাত্রত্ব বাতিল

জনকণ্ঠ ডেস্ক ॥ সিডিকেট থেকে নিষিদ্ধ করা হলো খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) থেকে সব ধরনের ছাত্ররাজনীতি। ফলে এই ক্যাম্পাসের শিক্ষার্থীরা কোনো ধরনের রাজনৈতিক সংগঠনের কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত থাকতে পারবে না। যদি এরকম ঘটনা বা সরাসরি রাজনীতির সঙ্গে জড়িত থাকে, সেক্ষেত্রে তদন্ত সাপেক্ষে তাঁরা বিশ্বদেহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এক্ষেত্রে সর্বোচ্চ শাস্তি আজীবন বহিষ্কার এবং ছাত্রত্ব বাতিল। সোমবার কুয়েটের ছাত্র কল্যাণ পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ সুলতান মাহমুদ স্বাক্ষরিত এক জরুরি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের সিডিকেটের ৯৩তম (জরুরি) ও ৯৮তম (জরুরি) সভার সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষার্থীদের সকল ধরনের রাজনৈতিক সংগঠনের কার্যক্রমের সাথে সম্পৃক্ততা নিষিদ্ধ ঘোষণা করা হয়। এ ছাড়া সিডিকেটের ৯৮তম (জরুরি) সভার সিদ্ধান্ত অনুযায়ী রাজনীতির সাথে জড়িত শিক্ষার্থীদের ক্ষেত্রে তদন্ত সাপেক্ষে সর্বোচ্চ শাস্তি আজীবন বহিষ্কার ও ছাত্রত্ব বাতিল করা হবে। জরুরি বিজ্ঞপ্তির শেষে বলা হয়, এই বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের কোনো ধরনের রাজনৈতিক কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত না থাকার জন্য বলা হলো।